দৈনিক ইত্তেফাক

তারিখ 22 APR 2016
পৃষ্ঠা ৫ কলাম ৫

# অযোগ্য লোক দিয়ে শিক্ষাখাত চলতে পারে না

----- এমাজউদ্দীন আহমদ

■ ইত্তেফাক রিপোর্ট

অযোগ্য লোক দিয়ে প্রশাসন চলতে পারে শিক্ষা খাত নয় উল্লেখ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক এমাজউদ্দীন আহমদ বলেছেন, সরকার দলীয়করণ করে শিক্ষাব্যবস্থাকে ধ্বংস করছে। মেধাবীদের রেখে দলীয় সংসদ সদস্যদের মাধ্যমে ঘুষ বাণিজ্য করে অযোগ্য লোক নিয়োগ দিচ্ছে সরকার। শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আয়োজনে গত বুধবার জাতীয় প্রেস ক্লাবে এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, সংসদ সদস্যদের যদি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালক করা হয়, তা হলে বাণিজ্য হওয়াটাই স্বাভাবিক। এলাকার সাবেক শিক্ষক, শিক্ষিত ব্যক্তিদের নিয়ে কমিটি করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করা হলে শিক্ষা খাত দ্রুত অগ্রগতি হবে। অনুষ্ঠান সঞ্চালনা ও সভাপতিত্ব করেন সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভুঁইয়া। এতে বক্তব্য রাখেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ড. এম ওসমান ফারুক, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম, ঐক্যজোটের অতিরিক্ত মহাসচিব জাকির হোসেন প্রমুখ।